দৈনিক
ইনকিলাব

6 JUN 2003
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ......

# বেসরকারী শিক্ষকদের জন্য আসন্ন বাজেটেই ১০০% বেতন প্রদানের দাবী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির জাতীয় নির্বাহী কমিটির বৈঠকে গতকাল (বৃহস্পতিবার) আসন্ন বাজেটেই বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশে শতকরা ১শ' ভাগে উন্নীত করা, সরকারী ও বেসরকারী শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূর এবং শিক্ষকদের ৩ স্তরের জবাবদিহিতার ব্যবস্থা বাতিল করার দাবী জানানো হয়েছে। রাজধানীর এ. কে হাই স্কুল এন্ড কলেজে গতকাল (বৃহস্পতিবার) সমিতির সভাপতি কাজী আবদুর রাজ্জাকের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সমিতির কেন্দ্রীয় মহাসচিব মোহাম্মদ সেলিম ভূঁইয়ার সার্বিক পরিচালনায় ৪৩ জন কেন্দ্রীয় নেতা বক্তব্য রাখেন।